ভোরের কাগজ

তারিখ ... 29 MAY 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

54

### শাকসু নির্বাচন নিয়ে পরিস্থিতি ঘোলাটে

# ছাত্রলীগসহ ৩ প্যানেল জমা পড়েছে
# ৪ সংগঠনের বর্জনের ঘোষণা

সিলেট অফিস : শাহ্জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (শাকসু) ও হল সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি ঘোলাটে হয়ে উঠেছে। গতকাল মনোনয়নপত্র দাখিলের দিনে বাংলাদেশ ছাত্রলীগের (শা-পা)সহ মোট ৩টি প্যানেল জমা পড়লেও জাতীয়তাবাদী ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির, ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রদল নির্বাচন বর্জনের সিদ্ধান্ত ঘোষণা করে আগামী ৩১ মে থেকে বিশ্ববিদ্যালয়ে অবিরাম ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

উল্লেখ্য, বর্তমান নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ৮ জুন ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা।

গতকাল শাকসু নির্বাচনে ছাত্রলীগ (শা-পা) মোঃ মকদ্দুস আলীকে ভিপি এবং নথারুন দে'কে জিএস করে একটি প্যানেল জমা দেয়। এছাড়া আ ফ ম সাদকাতুল বারীকে ভিপি ও ইফতেখার মালেককে জিএস করে একটি প্যানেল এবং মাহফুজুল হোসেনকে ভিপি ও মিজানুর রহমান মজুমদারকে জিএস করে অপর আরেকটি প্যানেল জমা পড়ে। এ দুই প্যানেলের প্রথম প্যানেলের সদস্যরা ছাত্রদলের এবং দ্বিতীয় প্যানেলের সদস্যরা ছাত্রশিবিরের সঙ্গে জড়িত। তবে এ দুটি প্যানেলই সংশ্লিষ্ট ছাত্র সংগঠনের আনুষ্ঠানিক প্যানেল নয় বলে জানা গেছে। এছাড়াও শুধুমাত্র ভিপি পদে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক এস এ সুলতান।

গতকাল দুপুরে ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও ছাত্রশিবির পৃথক পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে বর্তমান নির্বাচনী তফসিল বাতিলের দাবি জানিয়েছে। একই দাবিতে আগের দিন জাতীয় ছাত্রদল উপাচার্য বরাবরে একটি স্মারকলিপি পেশ করে।